# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

বিষয়ঃ সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্তে পুর্নগঠিত কমিটির সাথে সিলেট গ্যাস ফিল্ড জ্বালানী তেল পরিবহন মালিক সমিতির নেতৃবৃন্দের মত বিনিময় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রকৌ. মোঃ ফারুক হোসেন, কোম্পানি সচিব, এসজিএফএল |
| তারিখ | : | ২৪-১১-২০২১ |
| স্থান | : | কনফারেন্স কক্ষ, প্রধান কার্যালয় |
| সময় | : | সকাল ১১:৩০ ঘটিকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে জানান যে, সম্প্রতি সরকার কর্তৃক ডিজেলের মূল্য বৃদ্ধি করা হলেও জ্বালানী তেল পরিবহনে নিয়োজিত ট্যাংকলরীর ভাড়া বৃদ্ধি না হওয়াতে উক্ত ভাড়া পুনঃনির্ধারণে কার্যকর ব্যবস্থা নেয়ার জন্য সিলেট গ্যাস ফিল্ড জ্বালানী তেল পরিবহন মালিক সমিতি কর্তৃক ১৬-১১-২০২১ তারিখে চেয়ারম্যান, পেট্রোবাংলা বরাবর প্রেরিত একটি পত্র বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পেট্রোবাংলা এসজিএফএল এ প্রেরণ করে (সংযুক্তি-১)। উক্ত পত্রে পরিবহন মালিক সমিতি উল্লেখ করে যে, সরকার কর্তৃক ইতোমধ্যে বাস ও ট্রাকের ভাড়া বৃদ্ধি করা হলেও ট্যাংকলরীর ভাড়া বৃদ্ধি না করায় তাদের লোকসান হচ্ছে দাবী করে আলোচনার মাধ্যমে আগামী ৭ দিনের মধ্যে ট্যাংক লরির পরিবহন ভাড়া পুনঃনির্ধারণের অনুরোধ করা হয়। অন্যথায় সমিতির পক্ষে গ্যাস ফিল্ডের তেল পরিবহন করা সম্ভব হবে না মর্মে তারা জানান। এ প্রেক্ষাপটে এসজিএফএল কর্তৃপক্ষ বাংলাদেশ পেট্রোলিয়াম ডিলার্স, ডিস্ট্রিবিউটরস এন্ড পেট্রোল পাম্প ওনার্স এসোসিয়েশন, চট্টগ্রাম জেলা ট্যাংক লরী ওনার্স এসোসিয়েশন, সিলেট জেলা ট্যাংকলরী ওনার্স এসোসিয়েশন এবং সিলেট গ্যাস ফিল্ড জ্বালানী তেল পরিবহন মালিক সমিতির নেতৃবৃন্দের সাথে মত বিনিময় সভা আয়োজন করা হয়। সভায় এসজিএফএল এর মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যবস্থাপক (এলপিএম), মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ), মহাব্যবস্থাপক (অপারেশন), মহাব্যবস্থাপক (পিএন্ডডি) সহ অন্যান্য উপমহাব্যবস্থাপক ও ব্যবস্থাপকগণ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্তে পূর্নগঠিত কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন।

**২.০ আলোচনাঃ**

**২.১ জ্বালানী তেল পরিবহন মালিক সমিতির নেতৃবৃন্দের বক্তব্যঃ**

২.১.১ বাংলাদেশ পেট্রোলিয়াম ডিলার্স, ডিস্ট্রিবিউটরস এন্ড পেট্রোল পাম্প ওনার্স এসোসিয়েশন ও সিলেট গ্যাস ফিল্ড জ্বালানী তেল পরিবহন মালিক সমিতির সভাপতি মোহাম্মদ নাজমুল হক সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে পরিবহন মালিক সমিতি'র পক্ষে আলোচনা শুরু করেন। তিনি জানান যে, দীর্ঘদিন যাবৎ এসজিএফএল-এর সাথে চুক্তিবদ্ধ পরিবহন ঠিকাদার প্রতিষ্ঠানসমূহ এসজিএফএল-এর আওতাধীন বিভিন্ন ফিল্ড/স্থাপনা হতে বাংলাদেশের বিভিন্ন স্থানে অবস্থিত ডিপোসমূহ ও রিফাইনারীতে তেল পরিবহন করে আসছে। তেল পরিবহন মালিক সমিতি এসজিএফএল-এর সাথে চুক্তিবদ্ধ ও তেল পরিবহনে প্রতিজ্ঞাবদ্ধ বলে বিভিন্ন ক্রান্তিকালীন সময়েও দেশের বৃহৎ স্বার্থে জ্বালানী তেল সরবরাহ ব্যবস্থা অব্যাহত এবং এসজিএফএল-এর আন্তরিক সহযোগিতায় জ্বালানী তেল সরবরাহ ব্যবস্থা নিরবচ্ছিন্ন রাখা হয়। এসজিএফএল-এর জ্বালানী তেল সরবরাহ ব্যবস্থার বিভিন্ন সংকটকালীন সময়ে পরিবহন মালিক সমিতি এসজিএফএল-এর সাথে একটি টিম হিসেবে কাজ করে আসছে। ভবিষ্যতেও এসজিএফএল-এর সাথে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক বজায় রেখে কাজ চালিয়ে যাবার আশা ব্যক্ত করেন। তিনি সভাকে জানান যে, সরকার কর্তৃক ডিজেলের মূল্য বৃদ্ধি করার কারণে এসজিএফএল-এর প্লান্ট হতে পদ্মা, মেঘনা ও যমুনা'র দূরবর্তী ডিপোসমূহে জ্বালানি তেল পরিবহনে প্রতি ট্রিপে বর্তমানে দূরত্বভেদে ২৫০০-৪০০০ টাকা পর্যন্ত লোকসান হচ্ছে। ফলে ট্যাংক লরি পরিবহন ভাড়া বৃদ্ধি ব্যতিরেকে সমিতির পক্ষে ২৫-১১-২০২১ তারিখ হতে তেল পরিবহন সম্ভব নয় তা পত্রের মাধ্যমে পেট্রোবাংলাকে অবহিত করা হয়েছে। তবে উক্ত সমস্যা সমাধানের লক্ষ্যে সমিতির পক্ষ হতে তিনি এসজিএফএল-এর কাছে প্রস্তাব করেন যে, পরিবহন মালিক সমিতি ২৫-১১-২০২১ তারিখের পরেও তেল পরিবহনে সম্মত আছে এবং ট্যাংক লরি পরিবহন ভাড়া বৃদ্ধি সংক্রান্তে প্রকাশিতব্য গেজেট সরকার কর্তৃক ডিজেলের মূল্য বৃদ্ধির তারিখ হতে কার্যকর করার জন্য অনুরোধ করেন, অন্যথায় বিনা নোটিশে ঐ দিন হতে তেল পরিবহন বন্ধ থাকবে।

২.১.২ এসজিএফএল হতে সুপার পেট্রোকেমিক্যাল লিমিটেড এ কনডেনসেট পরিবহনে পেন্ডিং পরিবহন বিল সংক্রান্ত জটিলতা নিরসনে নেতৃবৃন্দ এসজিএফএল-এর সহযোগিতা কামনা করেন। সভায় আরো জানানো হয় যে, পরিবহন ঠিকাদার এসজিএফএল-এর সাথে চুক্তিবদ্ধ হওয়ার কারণে বিল সংক্রান্ত জটিলতা এসজিএফএল কর্তৃক সমাধান করা সম্ভব।

২.১.৩ এসজিএফএল-এর প্লান্ট হতে গরম তেল সরবরাহ করা হয় বলে নেতৃবৃন্দ অভিযোগ করেন এবং তা দ্রুত সমাধানের জন্য এসজিএফএলকে অনুরোধ করা হয়।

২.১.৪ সিলেট গ্যাস ফিল্ড জ্বালানী তেল পরিবহন মালিক সমিতির সেক্রেটারী জেনারেল জনাব জুবায়ের আহমদ চৌধুরী কৈলাশটিলা ফ্র্যাকশনেশন প্লান্ট যথাশীঘ্র চালুর ব্যবস্থা গ্রহণের জন্য এসজিএফএল-কে অনুরোধ করেন। এছাড়া তিনি জনাব মোহাম্মদ নাজমুল হক-এর বক্তব্যের সাথে একমত পোষণ করেন।

২.১.৫ সিলেট গ্যাস ফিল্ড জ্বালানী তেল পরিবহন মালিক সমিতির সহ-সভাপতি জনাব আবু সুলতান মোঃ ইদ্রিস এসজিএফএল হতে সুপার পেট্রোকেমিক্যাল লিমিটেড এ কনডেনসেট পরিবহনে পেন্ডিং পরিবহন বিল সংক্রান্ত জটিলতা দ্রুত নিরসন করার জন্য এসজিএফএল-এর সহযোগিতা কামনা করেন।

২.১.৬ চট্টগ্রাম জেলা ট্যাংকলরী ওনার্স এসোসিয়েশন এর সাধারন সম্পাদক জনাব মোঃ আবু তৈয়ব সিলেট গ্যাস ফিল্ড জ্বালানী তেল পরিবহন মালিক সমিতির সভাপতির বক্তব্যের সাথে একমত পোষণ করেন। এসজিএফএল-এর স্থাপনাসমূহ হতে তেল পরিবহনকালে ট্যাংক লরি সংশ্লিষ্ট কোন ড্রাইভার/শ্রমিকের কোন ত্রুটি পরিলক্ষিত হলে এসজিএফএল হতে ব্যবস্থা গ্রহণপূর্বক পরিবহন মালিক সমিতিকে অবহিত করার জন্য তিনি অনুরোধ করেন। এক্ষেত্রে পরিবহন মালিক সমিতি সর্বদা এসজিএফএল-এর পাশে থাকবে বলে তিনি ও সভায় উপস্থিত অন্যান্য নেতৃবৃন্দ উল্লেখ করেন।

২.১.৭ জ্বালানি তেল সরবরাহ ব্যবস্থার বিভিন্ন সংকটকালীন সময়ে পরিবহন মালিক সমিতি এসজিএফএল-এর পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করেন।

**২.২ এসজিএফএল-এর বক্তব্যঃ**

২.২.১ মহাব্যবস্থাপক (এলপিএম) সভায় জানান যে, এসজিএফএল-এর সাথে চুক্তিবদ্ধ পরিবহন ঠিকাদার প্রতিষ্ঠানসমূহ, পরিবহন মালিক সমিতি, ড্রাইভার ও শ্রমিকবৃন্দকে এসজিএফএল-এর উন্নয়নের অংশীদার বলে এসজিএফএল মনে করে এবং বিভিন্ন ক্রান্তিকালীন সময়ে তেল পরিবহন সচল রাখার জন্য পরিবহন মালিক সমিতিকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

২.২.২ এসজিএফএল-এর পক্ষ হতে সভায় জানানো হয় যে, ডিজেলের মূল্য বৃদ্ধির কারণে ইতোমধ্যে বাস-ট্রাক ইত্যাদির ভাড়া বৃদ্ধি করায় ট্যাংকলরীর মাধ্যমে তেল পরিবহন ভাড়া বৃদ্ধির বিষয়টি বিবেচনাযোগ্য। এসজিএফএল এ সংক্রান্তে এককভাবে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে না। সরকার কর্তৃক ভাড়া ও কার্যকরের সময় নির্ধারণ করা হয়ে থাকে। সভায় আরও জানানো হয় যে, এসজিএফএল হতে সুপার পেট্রোকেমিক্যাল লিমিটেড এ কনডেনসেট পরিবহনে পেন্ডিং পরিবহন বিল সংক্রান্ত জটিলতা সমাধানে এসজিএফএল কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে। গরম তেল সরবরাহ সংক্রান্তে সভায় জানানো হয় যে, উৎপাদন ও বিপণন ট্যাংক সম্পূর্ণ আলাদা থাকায় গরম তেল ট্যাংকলরীতে আসার সুযোগ থাকে না। স্ট্যান্ডার্ড তাপমাত্রায় তেল সরবরাহ করা হয়ে থাকে। তথাপিও গরম তেলের বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে দেখা হবে মর্মে সভায় অবহিত করা হয়। এছাড়া আরপিজিসিএল-এর কৈলাশটিলা প্লান্ট চালু হওয়া সংক্রান্তে পরিবহন নেতৃবৃন্দের জিজ্ঞাসার জবাবে জানানো হয় যে, বিষয়টি সরকারের উর্ধতন পর্যায়ে বিবেচনাধীন আছে।

**৩.০ সিদ্ধান্তঃ**

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সুপারিশ করা হয়ঃ

৩.১ ট্যাংকলরীর মাধ্যমে তেল পরিবহন ভাড়া বৃদ্ধি ও কার্যকরের সময় সংক্রান্তে বাংলাদেশ ট্যাংকলরী ওনার্স এসোসিয়েশন, চট্টগ্রাম জেলা ট্যাংকলরী ওনার্স এসোসিয়েশন, সিলেট জেলা ট্যাংকলরী ওনার্স এসোসিয়েশন এবং সিলেট গ্যাস ফিল্ড জ্বালানী তেল পরিবহন মালিক সমিতির নেতৃবৃন্দের দাবী বাস্তবায়নের বিষয়ে পেট্রোবাংলাকে অতিশীঘ্র অবহিত করা হবে।

৩.২ এসজিএফএল হতে সুপার পেট্রোকেমিক্যাল লিমিটেড এ কনডেনসেট পরিবহনে পেন্ডিং পরিবহন বিল সংক্রান্ত জটিলতা নিরসনে এসজিএফএল কর্তৃপক্ষ দ্রুত পদক্ষেপ গ্রহণ করবে।

পরিশেষে আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৮.১১.২০২১

(প্রকৌ. মোঃ ফারুক হোসেন)
কোম্পানি সচিব

"বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)
উৎপাদন ও বিপণন বিভাগ
www.petrobangla.org.bd

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০৩৬.০১.০২৭.১৮.৪৭৫

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৮
২১ নভেম্বর ২০২১

বিষয়: **গ্যাস ফিল্ডের জ্বালানি তেল পরিবহনে নিয়োজিত ট্যাংক লরী ভাড়া বৃদ্ধির আবেদন।**

উপর্যুক্ত বিষয়ে সিলেট গ্যাস ফিল্ড জ্বালানি তেল পরিবহন মালিক সমিতির ১৬/১১/২০২১ তারিখের পত্রটি বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সিলেট গ্যাস ফিল্ড জ্বালানি তেল পরিবহন মালিক সমিতির পত্র।

২২-১১-২০২১
মোঃ আনোয়ারুল ইসলাম
মহাব্যবস্থাপক (উৎপাদন ও বিপণন)

ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর
সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০৩৬.০১.০২৭.১৮.৪৭৫/১(২)

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৮
২১ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) চেয়ারম্যান-এর একান্ত সচিব, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
২) পরিচালক-এর একান্ত সচিব, অপারেশন ও মাইন্স পরিদপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

২২-১১-২০২১

# সিলেট গ্যাস ফিল্ড জ্বালানী তেল পরিবহন মালিক সমিতি

দীবা-রাত্রী ফিলিং ষ্টেশন, দক্ষিণ সুরমা, সিলেট।
মোবাইল : ০১৭১১-৫৬০০৫৭, ০১৭১১-৯২২২২১, ০১৭১১-৪৮৪৮৫২, ০১৭১১-৭৪৯৯৪৫০,
০১৭১১-৩২০৬৫৪, ০১৭১১-৯২১০০০

সূত্র :

তারিখ :

বরাবর

চেয়ারম্যান মহোদয়
পেট্রোবাংলা
কাজী নজরুল ইসলাম এভিনিউ
ঢাকা।

বিষয় : গ্যাস ফিল্ডের জ্বালানী তেল পরিবহনে নিয়োজিত ট্যাংক লরী ভাড়া বৃদ্ধির আবেদন।

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শন ও বিনয় পূর্বক আপনার অবগতি ও সদয় বিবেচনার জন্য জানাচ্ছি যে, আমরা দীর্ঘ দিন যাবৎ আপনার সংস্থাধীন বিভিন্ন গ্যাস ফিল্ড থেকে Refined and Unrefined তেল গ্যাস ফিল্ডের চাহিদা মাফিক বিভিন্ন স্থানে ট্যাংক লরীর মাধ্যমে পৌছে দেওয়ার দায়িত্ব পালন করছি। গাড়ীর যন্ত্রাংশ, টায়ার, ব্যাটারী এবং গাড়ীর সকল ধরনের ফিস ও ট্যাক্স বৃদ্ধির ফলে আমরা ভাড়া বৃদ্ধির জন্য সরকারের বরাবরে আবেদন নিবেদন করে আসছিলাম। সম্প্রতি সরকার কর্তৃক ডিজেলের মূল্য বৃদ্ধি করার ফলে বর্তমান অবস্থায় আমাদের পক্ষে জ্বালানী তেল পরিবহন কাজ চালিয়ে যাওয়া অসম্ভব হয়ে পড়েছে।

ইতিমধ্যে সরকার বাস ও ট্রাকের ভাড়া বৃদ্ধি করেছেন, কিন্তু ট্যাংক লরীর ভাড়া বৃদ্ধি করা হয় নাই। বর্তমানে লোকসান দিয়ে আমাদের পক্ষে গ্যাস ফিল্ডের তেল পরিবহন সম্ভব নয়। এইরূপ পরিস্থিতিতে আলোচনার মাধ্যমে আগামী ৭ দিনের মধ্যে ট্যাংক লরী ভাড়া পুনঃনির্ধারণ করার জন্য আপনার নিকট বিনীত নিবেদন করছি। অন্যথায় আমাদের পক্ষে গ্যাস ফিল্ডের তেল পরিবহন করা সম্ভব হবে না। সেই ক্ষেত্রে পরিবহন ঠিকাদার এবং ঠিকাদার সমিতি দায়ী থাকবে না।

ধন্যবাদান্তে,

(মোহাম্মদ নাজমুল হক)
সভাপতি

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো
১। চেয়ারম্যান মহোদয়, বিপিসি।
২। ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ড লিঃ।

# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর সাথে সিলেট গ্যাস ফিল্ড জ্বালানী তেল পরিবহন মালিক সমিতির সাথে মত বিনিময় সভায় অংশগ্রহণকারীর উপস্থিতি তালিকাঃ

সভার স্থান ঃ কনফারেন্স রুম, প্রধান কার্যালয়, চিকনাগুল, সিলেট।

তারিখঃ ২৪-১১-২০২১

| ক্র:নং | নাম | পদবী/প্রতিষ্ঠান | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | Mohammad Nazmul Haque | President Owners Association | 01711560057 | [signature] |
| ২. | Zubair Ahmed Chy | Secretary General | 01711922221 | [signature] |
| ৩. | Abu Sultan Md Idris | Saplading | 01711-320654 | [signature] |
| ৪. | MD. Abu Foyab | T.S. Trader's | 01711-749945 | [signature] |
| ৫. | S. M. Abu Taher | " | 01881614824 | [signature] |
| ৬. | Md Mostafa Kamal | President Sylhet Division Petroleum Associated | 01711921333 | [signature] |
| ৭. | Md. Kamrul Islam Sardar | General Manager (P&D) SGFL | 01713301011 | [signature] |
| ৮. | Engr. Prodip Kumar Biswas | GM(Operation), SGFL | 01730096058 | [signature] 24.11.21 |
| ৯. | Engr. Md. Faruque Hossain | GM (Com. Secretary) | 01711866739 | [signature] 24.11.21 |
| ১০. | [illegible] | GM(ABF) | 01777579262 | [signature] 24/11/21 |
| ১১. | (মোঃ আতাউর রহমান [illegible]) | GM(A/c) | 01730006690 | [signature] 24/11/2021 |
| ১২. | Md. Shoyeb | GM(LPM) | 01730312095 | [signature] 24/11/2021 |
| ১৩. | Engr. AKM ALAMGIR AZAD | DGM, 4KCFP | 01730096091 | [signature] |
| ১৪. | Engr. Suman Bikash Das | Manager (P&LDM) | 01751946121 | [signature] |
| ১৫. | Engr. Md. Mizanur Rahman | Manager (LPM) | 01737024704 | [signature] 24.11.21 |
| ১৬. | | | | |
| ১৭. | | | | |

# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)
চিকনাগুল
সিলেট

সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্তে পুর্নগঠিত কমিটির সাথে সিলেট গ্যাস ফিল্ড জ্বালানী তেল পরিবহন মালিক সমিতির নেতৃবৃন্দের মত বিনিময় সভার সদস্যগণের উপস্থিতিঃ

সভার তারিখঃ ২৪-১১-২০২১
সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা
স্থানঃ প্রধান কার্যালয়স্থ সভাকক্ষ
সভাপতিঃ প্রকৌ. মোঃ ফারুক হোসেন

| ক্রমিক নং | নাম | পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মোঃ ফরিদুল হুদা | উপমহাব্যবস্থাপক, কোম্পানি এফেয়ার্স | ০১৭৩১৫০২৮৩৪ | ২৪/১১/২০২১ |
| ২ | জনাব জি এম তারেক | উপমহাব্যবস্থাপক, হিসাব ডিপার্টমেন্ট | ০১৭১২২৭৪৪৭৪ | ২৪/১১/২১ |
| ৩ | প্রকৌঃ এ কে এম জসীম উদ্দিন | ব্যবস্থাপক, সিভিল ইন্জিনিয়ারিং ডিপার্টমেন্ট | ০১৭১৫০৭৮৮৯০ | ২৪/১১/২১ |
| ৪ | জনাব মোঃ তরিকুল ইসলাম | ব্যবস্থাপক, লিভ এন্ড পেনশন | ০১৭১২০২৩৫৬১ | ২৪/১১/২০২১ |
| ৫ | প্রকৌঃ মোঃ মিজানুর রহমান | ব্যবস্থাপক, কারিগরি, এলপিএম ডিভিশন | ০১৭৩৭০২৪৭০৪ | 24.11.21 |
| ৬ | প্রকৌ. রতন কান্তি নাথ | ব্যবস্থাপক, কারিগরি, অপারেশন ডিভিশন | ০১৭৫৩৬১০৩৮০ | ২৪/১১/২০২১ |

সূত্র নং ২৮.২০.৯১৫৩.০৫৬.৯৯.০০৭.২১ তারিখঃ ২৩-১১-২০২১

## সভার বিজ্ঞপ্তি

কোম্পানির সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্তে পূর্নগঠিত কমিটির সহিত সিলেট গ্যাস ফিল্ড জ্বালানী তেল পরিবহন মালিক সমিতির নেতৃবৃন্দের একটি মত বিনিময় সভা আগামী ২৪-১১-২০২১ তারিখ রোজ বুধবার সকাল ১১.৩০ ঘটিকায় প্রধান কার্যালয়স্থ সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

আহ্বায়ক মহোদয়ের সম্মতিক্রমে উক্ত সভায় সিটিজেন চার্টার কমিটির সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে।

২৩/১১/২০২১
(মোঃ ফরিদুল হুদা)
উপমহাব্যবস্থাপক, কোম্পানি এফেয়ার্স
ও সদস্য সচিব,
ফোকাল পয়েন্ট, সংশ্লিষ্ট কমিটি।

বিতরণঃ
(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | প্রকৌঃ মোঃ ফারুক হোসেন<br>কোম্পানি সচিব | আহ্বায়ক |
| ২. | জনাব জি এম তারেক<br>উপমহাব্যবস্থাপক, হিসাব ডিপার্টমেন্ট | সদস্য |
| ৩. | প্রকৌঃ এ কে এম জসীম উদ্দিন<br>ব্যবস্থাপক, সিভিল ইন্জিনিয়ারিং ডিপার্টমেন্ট | সদস্য |
| ৪. | জনাব মোঃ তরিকুল ইসলাম<br>ব্যবস্থাপক, লিভ এন্ড পেনশন | সদস্য |
| ৫. | প্রকৌঃ মোঃ মিজানুর রহমান<br>ব্যবস্থাপক, কারিগরি, এলপিএম ডিভিশন | সদস্য |
| ৬. | প্রকৌঃ রতন কান্তি নাথ<br>ব্যবস্থাপক (কারিগরি),<br>মহাব্যবস্থাপক অপারেশন এর দপ্তর | সদস্য |

অনুলিপিঃ

- ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল।
- মহাব্যবস্থাপক (প্রশাসন)/(এলপিএম)/(হিসাব ও অর্থ)/(টিএস)/(কোম্পানি সচিব)/(অপারেশন)/(পিএন্ডডি), এসজিএফএল।
- এপিএ কমিটি আহবায়ক, এসজিএফএল।
- উপমহাব্যবস্থাপক, সার্ভিসেস ডিপার্টমেন্ট , এসজিএফএল (কনফারেন্স রুম প্রস্তুত রাখা এবং সভায় উপস্থিত কমবেশী ২০ জনের হালকা আপ্যায়নের অনুরোধ করা হলো।
- নথি।